কীর্তন মঞ্জরী

সম্পাদনা : ডা. পরেশ চন্দ্র সিংহ

কীর্তন মঞ্জরী

সম্পাদনা ডা. পরেশ চন্দ্র সিংহ

প্রকাশকাল

৩১শে জানুয়ারী ২০১২ খ্রীঃ / ১৬ই মাঘ ১৪১৮ বঙ্গাব্দ।
গুরুসংকীর্তন ৯৫তম বর্ষপুতি উপলক্ষে প্রকাশনা।
বাংলা ও বিষ্ণুপ্রিয়া মনিপুরী ভাষায়)
পশ্চিম পারুয়া পরগনা, ছাতক, সুনামগঞ্জ।

তথ্য গবেষণায়

শ্রীপ্রসন্ন কুমার সিংহ

সহযোগিতায়

শ্রীসমরজিৎ শর্ম্মা
শ্রীইন্দ্রমোহন সিংহ
শ্রীব্রজেন্দ্র সিংহ
শ্রী নিলোৎপল সিংহ

কৃতজ্ঞতা

শ্রী সুশিল কুমার সিংহ সম্পাদক-পৌরী

পাওলাক

৩৫/- তাংখা

মূদ্রণে চলন্তিকা প্রিন্টার্স, চৌহাট্টা, সিলেট।

'Kirton Monjoree' a booklet depicting Sankriton and Bisnupriya Manapuri history in short in both Bisnupriya Manipuri and Bangla language. Edited by Dr. Paresh Chandra Singha, Pachim Parua pargana, Dhantila, Chhatak, Sunamgonj, Bangladesh. Contact +8801712150675. E-mail-singha.paresh@gmail.com

উৎসর্গ...

স্বর্গীয় শ্রীসেনা সিংহ

পশ্চিম পাড়ুয়া পরগনার ডাঙর ইশালপাগ

বারো

মোর শ্রদ্ধেয় জেঠাবাগো।

...সারা জনম যেগই পশ্চিম পারুয়া পরগনাত আমার বিষ্ণুপ্রিয়া মণিপুরী সংস্কৃতির এলা, নাচা, কীর্তন, ঝুলন এতা-প্রজন্মারে হিকেয়া গেলগা।

ভূমিকা

বিষ্ণুপ্রিয়া মণিপুরীর নিজস্ব সংস্কৃতি ধারা লইয়া প্রকাশ অসে লেরিক বা ম্যাগাজিন সালয়া আহের সমাজর পানতামে জবর কম। এসাদে লেরিক, ম্যাগাজিন আমার কাদার রাষ্ট্র ই-য়াৎ পানা য্যাকরলেউ আমার দেশে নাপেয়ার। এরে অভাব এহান আমার নিজর সংস্কৃতির চলে আহের ধারা এহানরে থামিয়া থনা নুয়ারেছে। বংশ বারো সমাজ পরম্পরায় আগরাংত আগরাং যুগ যুগান্তর ধরিয়া চলিয়া আহেছেহান। সমাজর জেঠাগিরি গিথানি, জ্ঞানী, পণ্ডিত আছি এতাই আমার সংস্কৃতি রৰা করানির ধারক বারো বাহক অইয়া কাম করিয়া জিতারাগা। এরে রীতি এহানর কারণে সমাজে মুষ্টিমেয় কতগরাং নিজর সংস্কৃতি সম্পর্কে হবা বালা ধারণা থার। যেহানর কারণে সমাজর কামে-কাজে পেইয়া আহেছি ধারক বারো বাহক ঔরে গিরি-গিথানি নাইলে কোন কর্ম পরিপূর্ণতা নার। এসারে কোন কর্ম আহান অইলেই ঔসাদে হারপিতা গিরি-গিথানিরে ডাহা-ডাহি করানি লাগের। কিয়া বুললে এরে বিষয় এতা হাব্বিয়ে হার নাপিতারা বুলিয়া সমস্য এহানাৎ পরিয়ারতা। এরে বিষয় এহান কীর্তন মঞ্জরীর সম্পাদক গিরক ডা. পরেশ চন্দ্র সিংহ'র অন্তরে জাগিয়া উঠেছে বুলিয়া নিংকরউরি। ঔহানলো হারপিতা কতগো গিরি-গিথানির দায়িত্ব এহান উঠে আহিতারা সউ-সুমারা হাবিরাং বিলিয়া দেনার খানিংপারা থৌরাং 'কীর্তন মঞ্জরী' নাঙর এরে প্রকাশনা এহান। সম্পাদক গিরক তার প্রকাশনা এহানাৎ যেতা একান্ত নিজর সংস্কৃতি বারো যেতা সমাজে হর-হামেশা নিয়মহান করিয়া পালন করিয়া আহিয়ার এসাদে নিয়াম দরকারী বিষয় এতা ম্যাগাজিন, পত্রিকা বারো নানান জাতর লেরিকেত্ত সংগ্রহ করিয়া 'কীর্তন মঞ্জরী' নাঙর পুস্তিকা এহানর ভাণ্ডারগো পূর্ণ করেছে। পুস্তিকা এহানাৎ হরিসংকীর্তনর ইতিকথা, অনুষ্ঠানর দিন বারো ক্ষনর প্রেক্ষাপট, সংকীর্তনর প্রকারভেদ বারো সময়-খেলতাম, অষ্টপ্রহর হরি সংকীর্তনর রসতত্ত্ব (অষ্টপ্রহরর সময় খেইকরিয়া), মণ্ডপ সংস্কৃতি এসারে জবর দরকারী তত্ত্ব পুলকরেদেছে। দ্বিতীয় পর্বে 'মণিপুরীদের সংক্ষিপ্ত ইতিহাস' নাঙর আরাকউ লেখা আহান যোগ করেদেছে, যেহান মণিপুরীগো হিসাবে হারপানি থকর বুলিয়া নিংকরউরি। লমউতেগা বৈষ্ণব চূড়ামণি ভূবনেশ্বর সাধুঠাকুরর সংক্ষিপ্ত জীবনী দিয়া সংকলন এহান লইকরেদেছে। ভূবনেশ্বর সাধু আমার সমাজর আকখুলা বৈষ্ণব চূড়ামণিগো যেগো শ্রীধাম নবদ্বীপর গানতলাত তীর্থযাত্রী থানারকা 'শ্রীশ্রীগোবিন্দজীউ' মন্দিরগো হংকরেদেছে।

লমইতেগা মি এরে 'কীর্তন মঞ্জরী' নাঙর পুস্তিকা এহানর নিয়াম প্রচার বারো শাতনির কামনা করউরি। এরে পুস্তিকা এহান নুয়া প্রজন্মর জবর কামে লাগতই বুলিয়া নিংকরউরি।

প্রসন্ন কুমার সিংহ
তথ্য গবেষক, কীর্তন মঞ্জরী।

সম্পাদকর কথা আকচুটি

চেইতে চেইতে আহিল আমার পশ্চিম পারুয়া পরগনার ৯৫তম গুরুসংকীর্তন মহাউৎসবহান। কীর্তন এহান পাড়ুয়া পশ্চিম পরগনার রাসনগর, ধনীটিলা, ও রতনপুর গাঙর কর্মহান। বামুন, বৈষ্ণব, বুজন, গিরিগিথানী, ইমাঈন্দল, গাওরাপা, পুরিজেলেই বারো কনাকসউ হাবিয়ে গুরুর কৃপা পানারকা এ তিথিহান বাছেয়া থায়ার।

তিথিহান ধরেছিতা মাঘ মাহার জোনাকর পক্ষর অষ্টমী দিন হানাত। ভাবহান অইলতাই আমার বংশর ইপুথোউ ভীষ্মদেব কুরুক্ষেত্রর লপুকে কারর হেজিহানাত বাক্কা কতদিন নিয়াম হিনপিয়া উত্তরায়ন বাছেয়া মাঘমাহার শুক্লাপক্ষর অষ্টমী তিথিহানাত নশ্বর দেহগ ত্যাগ করেছে দিনহান।

ইপুথৌর দৌ অইল হারপেয়া স্বর্গর দৌ হাবিয়ে ফুলর বরন দিয়া ফুলর দলইহানলো ঙকরলা। ইপুথৌউ তার ফামে ফৌয়য়া অষ্টবসুর লগে তিলইল বারো তাঁর নিজর ফাম দেবলোকে গেলগা। এ স্মৃতি এহান হাবির মনে হজাক অয়া থাক বুলিয়া হরিসংকীর্তনলো তিথি এহান পালন করিয়া জিয়ারগা। গুরুসংকীর্তন এহানর মাধ্যমে বংশর পূর্ব পুরুষ যেতাই দেহত্যাগ করিয়া আত্মার সদগতি নাইয়া অন্তরীক্ষত বিচরণ করিয়া আছি উতাই মুক্তি পাকা বুলিয়া এ হরিসংকীর্তন এহান করিয়ার। গুরুর কৃপা পেইক বারো পিছে জরম অইতারা দারা উতাউ কৃপা পাকা বুলিয়া আপা-বপাই লেপকরেছি কর্মহান এরে গুরুসংকীর্তন এহান।

আমার নিজর এ ঐতিহ্য এহান বংশ পরম্পরায় লিখিত আকারে হারপাকা বুলিয়া এ প্রকাশনা এহান লেংকরানি অইল। এহানাত বিভিন্ন ধর্মীয় লেরিক বারো প্রকাশনাত্ব তথ্য সংগ্রহ করিয়া লেকরেছিহান। আমার নিজর কোন মত নাগয়।

আমার সংকীর্তন ব্যবস্থা এহান অন্যান্য বৈষ্ণব ব্যবস্থার লগে না মিলের। আর্য গন্ধর্ব, নবদ্বীপ, বৃন্দাবন ও মণিপুর ভাবরলগে মিলিয়া আমার পূর্ব পুরুষর বহুদিনর অর্জিত ও সুরক্ষিত অমূল্য সম্পদর মহামিলনে মন্থনে সৃষ্ট মহা অমৃত ভান্ডারগো। এ লেইতেরেং এহান অন্য জাতীয় সংস্কৃতির লগে না মিলের এহান আমার সম্পূর্ণ নিজস্বহান। যেহান বর্তমানেও আমার সমাজে চলিয়া আহেছে। ভবিষ্যতেও চলতই। আমার এ জাতীয় কৃষ্টি সংস্কৃতি রক্ষা করিক, নাইলে কালর ঘাটর স্রোতে ধয়া নিতইগা। এহান নানারকা হাবিয়ে চেষ্টা করিক এহান মোর সমাজর হাবিরাং হেইচাহান।

লমইতেগা পশ্চিম পারুয়া পরগনার গুরুসংকীর্তন ১৪১৮ বঙ্গাব্দে আহেসি ভক্তবৃন্দরে শ্রেণীভেদে জানুয়াউরি ভক্তি বারো হৃদি উপা বানা নুংশি।

–ডা. পরেশ চন্দ্র সিংহ।

প্রথম পর্ব
(হরিসংকীর্তন)

হরিসংকীর্তনের ইতিকথা

(বাংলা ভাষায়)

জাতির পরিচয় ঘটে কৃষ্টি ও ভাষার মাধ্যমে। প্রত্যেক জাতি, উপজাতি, আদিবাসি ও নৃগোষ্ঠির রয়েছে নিজস্ব কলা, কৃষ্টি, সংস্কৃতি ও ভাষা। এই কলা, কৃষ্টি জাতি ভেদে আলাদা আলাদা। নৃত্য, বাদ্য, সংগীত আলাদা আলাদা।

বিষ্ণুপ্রিয়া মণিপুরী সমাজ বৈষ্ণব সমাজ ব্যবস্থার অন্তর্গত হইলেও পূজা, অর্চনা ও সংকীর্তন ব্যবস্থা, মণ্ডলী প্রকরণ শাস্ত্রগত নবদ্বীপ ও ব্রজভাব হইলেও অন্যান্য বৈষ্ণব ব্যবস্থা হইতেও প্রথম হইতেই ভিন্নতর।

মণিপুরী রাজা পামহৈবা সিংহ রাজত্বকালে গৌরীয় বৈষ্ণবগুরু শান্তদাস বাবাজী হইতে বৈষ্ণব ধর্ম গ্রহন করিয়া চৈতন্য মহাপ্রভু পঞ্চতত্ত্ব, ছয় গোসাই, চৌষট্টি মহন্ত ভাবক বৈষ্ণব ও ভক্তসমেত কলিজীব উদ্ধার ও মুক্তির অভিলাষে মণিপুরে প্রথম হরিনাম সংকীর্তন আরম্ভ করেন। ঐসময় বঙ্গদেশীয় পালাকীর্তন গায়ক ও বাদক শিক্ষক আনিয়া কীর্তন ও নৃত্য শিক্ষা ব্যবস্থা করেন।

বিষ্ণুপ্রিয়া মণিপুরী সংকীর্তন মণ্ডলী বিধিব্যবস্থা নবদ্বীপ ও ব্রজভাবের সাথে মণিপুর ভাবসহ তিন ভাব মিলে অতি শৃঙ্খলাবদ্ধভাবে সম্পূর্ণ আলাদা বিধিব্যবস্থায় মণিপুরী সংস্কৃতি মহারাজা পামহৈবা সিংহ প্রবর্তন করেন। তদুপরিও পরবর্তী কালে মহারাজা চন্দ্রকীর্তি সিংহ, মহারাজা চূড়াচান সিংহ দুইজনে আরও উন্নত করিয়া নাচ্ ও গান, মৃদঙ্গের তাল-লয় সংযোজন করেন। যাহা বর্তমানে আমাদের সমাজের গায়ক, মৃদঙ্গ বাদক, দোহার, পালা গুরুনির্দেশনায় বংশপরম্পরায় পরিবেশন করা হইতেছে।

অষ্টপ্রহর হরি সংকীর্তন-রাধা কৃষ্ণের নিত্য লীলা রচনা করেন ঐ সময়ের বৈষ্ণব কবি মহাপ্রভুর পরিষদ শ্রীরূপ গোস্বামী, রঘুনাথ ভট্ট, নরোত্তম গোস্বামী, জয়দেব ঠাকুর, মধুমঙ্গল, চন্ডীদাস, বিদ্যাপতি, মনোহর দাস, উদ্ধব দাসসহ প্রমুখ।

বিষ্ণুপ্রিয়া মণিপুরী সমাজের সংকীর্তনের রাগসঞ্চার অন্যান্য বৈষ্ণব সম্প্রদায়ের সংকীর্তন কালীন রাগ-তাল-নৃত্য হইতে সম্পূর্ণ আলাদা। এই রাগ সঞ্চার বিষ্ণুপ্রিয়া সম্প্রদায়ের উত্তরাধীকার সূত্রে প্রাপ্ত নিজস্ব কৃষ্টি ও সংস্কৃতি এবং গন্ধর্ব প্রভাব যুক্ত। পূর্ব পুরুষের বহুদিনের অর্জিত ও সুরক্ষিত (নবদ্বীপ ও ব্রজভাবের সাথে মণিপুর ভাবসহ) তিন ভাবের সমন্বিত রসকে মন্থন করিয়া এই সংস্কৃতির অমৃত মহাভান্ড প্রাপ্ত হইয়াছে। যাহা বিশ্বে মণিপুরী সমাজকে পরিচিত ও সুনাম অর্জনে সমর্থ করিয়াছে।

ভাগবত, গীতা, পুরাণর মহান উদ্দেশ্য অবলম্বন করিয়া আমাদের পূর্ব পুরুষগণ হরিনাম সংকীর্তন মহাযজ্ঞ কলিজীব উদ্ধারের নিমিত্তে পালন করিয়া গিয়াছেন এবং বর্তমানেও পালন করা হইতেছে।

শ্রীহরিসংর্কীতন সংজ্ঞা

"কলিযুগে নাম রূপে শ্রীকৃষ্ণ অবতার।
নাম হইতে হইবে সর্ব উদ্ধার।
সংর্কীতন শ্রীহরি অঙ্গস্বরূপ বলিয়া ভাগবতে প্রকাশ"।

কলিযুগে ভগবান শ্রীহরি নামরূপে অবতার। সেজন্য নাম শ্রবণ নাম কীর্তনই শ্রেষ্ঠ উপায়। শ্রীমতি রাধিকার তিন বাঞ্ছা-ভাব, কান্তি, বিলাসই–হরিসংকীর্তন। পঞ্চতত্ত্ব চৈতন্য, নিত্যানন্দ, অদ্বৈত, শ্রীবাস, গদারই হরি সংকীর্তনের মূল প্রকাশক ও প্রচারক। পঞ্চতত্ত্ব ছাড়া শ্রীহরিসংকীর্তন সম্ভব নয়। পঞ্চতত্ত্বই শ্রীকৃষ্ণ অঙ্গস্বরূপ। শ্রীমতি রাধিকা প্রকৃতি স্বরূপ। ভগবান শ্রীকৃষ্ণ পুরুষ। প্রকৃতি পুরুষ সঙ্গ লাভের অভিলাষই হরি সংকীর্তন।

হরিসংর্কীতনের উদ্দেশ্য

আমাদের কোন পূর্বপুরুষ পঞ্চতত্ত্ব পথ অনুসরন করে পরিবারের কোন সদস্য দেহত্যাগ করলে ঐ মৃতার আত্মার সদগতির অভিলাষে শ্রীশ্রীহরি সংকীর্তন পালন করে গিয়েছেন। এই প্রথা বর্তমানেও চলছে এবং ভবিষ্যতেও

চলবে। এই কৃষ্টি ও সংস্কৃতি মণিপুরী সমাজের ধর্মব্যবস্থায় অঙ্গাঅঙ্গী ভাবে জড়িত। পবিত্র ধর্মগ্রন্থ বেদ, পুরাণ, ভাগবদ্ , চৈতন্যচরিতামৃত প্রভৃতি গ্রন্থে বর্নিত আছে যে, কোন বংশের যে সমস্ত পূর্ব পুরুষগণ দেহত্যাগ করেছেন তাদের আত্মা মুক্তি না হয়ে অন্তরীক্ষে (শূণ্যে) মুক্তির আকাঙ্খায় বিচরণ করতে থাকে–আশা করতে থাকে বংশের কোন পরবর্তী সদস্য শ্রীশ্রীহরি সংকীর্তন শ্রবণ করালে মুক্তি লাভ করে বৈকুণ্ঠে শ্রীহরি দর্শন পাওয়ার আকাঙ্খা পূরণ হবে। সেজন্যই মৃত ব্যক্তির আত্মার সদগতির জন্য শ্রীশ্রীহরি সংকীর্তন পালন করা অত্যাবশ্যকীয়।

পশ্চিম পারুয়া পরগনায় (ছাতক উপজেলা) হরিসংকীর্তন অনুষ্ঠানের দিন ও ক্ষণের প্রেক্ষাপট

বাংলাদেশের সুনামগঞ্জ জেলার ছাতক উপজেলার ধনীটিলা, রাসনগর ও রতনপুর গ্রাম নিয়ে পশ্চিম পারুয়া পরগনা গঠিত। এই এলাকায় প্রতি বছর মাঘমাসে শুক্লপক্ষে অষ্টমী তিথিতে অষ্টপ্রহর শ্রীশ্রীহরি সংকীর্তন পালন করে থাকে। প্রতি বছর পালাক্রমে প্রতিটি গ্রামে অনুষ্ঠিত হয়। মণিপুরীরা অর্জূনের পুত্র বভ্রুবাহনের বংশধর বলে পরিচিত। অর্জুনের পিতামহ হলেন ভীস্মদেব। পিতামহ ভীস্মদেব দীর্ঘ আটান্নদিন শরশয্যায় কাটানোর পর উত্তরায়ন শুরুর প্রাক্কালে মাঘ মাসের শুক্লপক্ষের অষ্টমী তিথিতে দেহত্যাগ করেন। ঐদিন টাকে স্মরণীয় রাখার জন্য পশ্চিম পাড়ূয়া পরগনার মণিপুরী সম্প্রদায় প্রতিবছর ঐ নির্দিষ্ট তিথিতে শ্রীহরি সংকীর্তন উদ্‌যাপন করে আসছে।

পারুয়া পরগনার এলাকা সমূহ

পূর্ব পারুয়া পরগনায় (কোম্পানীগঞ্জ ও গোয়াইনঘাট উপজেলা) হরিসংকীর্তন অনুষ্ঠানের দিন ও ক্ষণের প্রেক্ষাপট ঃ

বাংলাদেশের সিলেট জেলার কোম্পানীগঞ্জ উপজেলার বালুচর, মাঝেরগাঁও (বরম) ও গোয়াইনঘাট উপজেলার বিছনাকান্দি (লাঘাট) গ্রাম নিয়ে পূর্ব পারুয়া পরগনা গঠিত। এই এলাকায় প্রতি বছর কার্তিক মাসের কৃষ্ণপক্ষের পঞ্চমী তিথিতে অষ্টপ্রহর শ্রীশ্রীহরি সংকীর্তন পালন করে থাকে। বৈষ্ণব কবি নরোত্তম দাস ঠাকুর শ্রীমদ্ভাগবদ অবলম্বনে নানা পদাবলী রচনা করে গিয়েছেন। তার মধ্যে রাধা-কৃষ্ণ প্রেমলীলা, হরিসংকীর্তন উল্লেখযোগ্য। তিনি কার্তিক মাসের কৃষ্ণপক্ষের পঞ্চমী তিথিতে দেহত্যাগ করেন। ঐদিন টাকে স্মরণীয় রাখার জন্য পূর্ব পারুয়া পরগনার মণিপুরী সম্প্রদায় প্রতিবছর ঐ নির্দিষ্ট তিথিতে শ্রীহরি সংকীর্তন উদ্‌যাপন আসছে।

হরিসংকীর্তনের প্রকার ভেদ

হরি সংকীর্তন ৩ (তিন) প্রকার যথা-

(১) অষ্টপ্রহর (অধিবাস / হরি মহাসংকীর্তন)

(২) চারিপ্রহর (সন্ধ্যানাম)

(৩) তিন প্রহর (শ্রাদ্ধকীর্তন / রস কীর্তন।

অষ্টপ্রহর হরিসংকীর্তনের সময় সূচী

প্রাত	ঃ সুর্য্যোদয়ের ৬টা থেকে ৮-২৪ মিনিট পর্যন্ত।
পূর্বাহ্ন	ঃ সকাল ৮-২৪ মিনিট থেকে ১০-৪৮ মিনিট পর্যন্ত।
মধ্যাহ্ন	ঃ সকাল ১০-৪৮ মিনিট থেকে বিকাল ৩-৩৬ মিনিট পর্যন্ত।
অপরাহ্ন	ঃ বিকাল ৩-৩৬ মিনিট থেকে গোধুলি ৬-4 মিনিট পর্যন্ত।
সায়াহ্ন	ঃ সন্ধ্যা ৬টা থেকে ৮-২৪ মিনিট পর্যন্ত।
প্রদোষ	ঃ রাত্রি ৮-২৪ মিনিট থেকে ১০-৪৮ মিনিট পর্যন্ত।
নৈশ (নিশা)	ঃ রাত্রি ১০-৪৮ মিনিট থেকে ৩-৩৬ মিনিট পর্যন্ত।
নিশান্ত	ঃ রাত্রি ৩-৩৬ মিনিট থেকে প্রাতঃ ৬টা পর্যন্ত।

শ্রীবাস অঙ্গনে পঞ্চতত্ত্ব, ছয় গোসাই, চৌষট্টি মহন্ত, সমন্বিত ভাবুক-বৈষ্ণব, ভক্তের সাথে শ্রীচৈতন্য মহাপ্রভু অষ্টপ্রহর হরি সংকীর্তন প্রথম প্রবর্তন করেন।

অষ্টপ্রহর হরি সংকীর্তন-রাধা কৃষ্ণ নিত্য লীলা রস তত্ত্ব ঃ

শ্রীমদ্ভাগবত, বৃহৎ সারাবলী, কৃষ্ণলীলা সমগ্র, প্রভাস খন্ড, শ্রীশ্রীগীত গোবিন্দম, নারদ পঞ্চরাত্র, শ্রীশ্রীগোবিন্দার্চ্চন, চূড়ামণি পবিত্র ধর্মগ্রন্থ তথা বৈষ্ণব কবি মণ্ডলী–রঘুনাথ ভট্ট, শ্রীরূপ গোস্বামী, নরোত্তম দাস. মনোহর দাস, উদ্ধব দাস, চন্ডী দাস, বিদ্যাপতি, গোপাল ভট্ট, আরো অন্যান্য বৈষ্ণব কবির রচিত গ্রন্থের তত্ত্ব আশ্রয় অবলম্বেনে রাধা কৃষ্ণ নিত্য-লীলা অষ্টপ্রহর হরি সংকীর্তন রচিত হয়। রস অনুসারে নিত্যলীলাকে দুই ভাগে ভাগ করা হয়েছে। যথা- দিবস লীলা ও নিশা লীলা (অধিবাস)।

দিবা লীলাকে পুনরায় চার ভাগে ভাগ করা হয়েছে- প্রাতঃ, পূর্বাহ্ন, মধ্যাহ্ন ও অপরাহ্ন। নিশা লীলাকেও চার ভাগে ভাগ করা হয়েছে- সায়াহ্ন, প্রদোষ, নৈশ ও নিশান্ত।

প্রাতঃ (প্রভাত কালীন) লীলা

সময় ঃ সকাল ৬টা-৮-২৪ মিনিট পর্যন্ত।

রস ঃ নিশান্ত লীলা শেষে শ্রীকৃষ্ণ শয়ন মন্দিরে ঘুমিয়ে আছেন, এদিকে সকাল হয়েছে দেখে মা যশোদা পৌর্ণমাসী (বড়াই) দেবীরে সাথে করে মায়াবী সুরেলা গান দিয়ে শ্রীকৃষ্ণকে ঘুম থেকে জাগ্রত করতে থাকে। শ্রীকৃষ্ণ ঘুম থেকে উঠলে মা যশোদা স্বর্ণ ভৃঙ্গার জল দিয়ে শ্রীমুখ ধৌত করে দেন। পরে মা যশোদার আদেশে শ্রীকৃষ্ণ গো শালায় দুধ দোহন করতে গমন করেন।

অন্যদিকে যাবটে আয়নের ঘরে কুলবধু শ্রীমতি রাধিকার অঙ্গে শ্রীকৃষ্ণের ভূষণ প্রত্যক্ষ করে শ্বশুরী জটিলা তাঁকে তিরস্কার করেন। তখন চতুর বিশাখা নানা কৌশলে জটিলাকে শান্তনা দিয়ে দাস দাসীসহ শ্রীমতি রাধিকার মুখমণ্ডল স্বর্ণ ভৃঙ্গার জল দিয়ে শ্রীমুখ ধৌত করে দেন। এভাবে সখিগণ বিভিন্ন বেশ ভূষায় শ্রীমতি রাধিকাকে সজ্জিত করেন।

এদিকে শ্রীকৃষ্ণ গো-ধেনু দোহন শেষে সমুদয় দুধ নন্দ মহারাজার সম্মুখে দেন। পরে মা যশোদার নির্দেশে সকল দাসদাসী মিলে শ্রীকৃষ্ণের স্নান সমাপনান্তে উত্তম বেশভূষা ও অলংকারাদি দ্বারা সজ্জিত করেন। পরবর্তীতে সব সেবাদাসীকে নিয়ে ভোজন মন্দিরে প্রাত:ভোজন সমাপন করেন। ক্ষণিক বিশ্রামান্তে গোচারণে (গোষ্ঠ) যাবার আয়োজন করেন।

পূর্বাহ্নকালীন কৃষ্ণলীলা রস তত্ত্ব

(গোষ্ঠলীলা)

সময় : সকাল ৮-২৪ মিনিট থেকে ১০-৪৮ পর্যন্ত।

গোষ্ঠের সময় হয়েছে জেনে শ্রীকৃষ্ণ গোচারণে যাবার জন্য বংশী ধ্বণি করে সমস্ত রাখাল বালকদের সংকেত দেন। কৃষ্ণের সংকেত পেয়ে গকুলের সব রাখালবৃন্দ নিজ নিজ গো-শালার গো ধেনু নিয়ে নন্দ মহারাজার আবাস স্থলে সমবেত হন। কৃষ্ণ এবং বলরাম দুজনে নন্দ মহারাজা, যশোদা ও রোহিনী রাণীকে প্রণাম করে গোশালা হতে গো-ধেনু নিয়ে রাখাল বালাকদের সাথে মিলিত হন। কৃষ্ণ বলরামকে সাথে পেয়ে রাখাল বালকবৃন্দ খুশিতে বংশী ধ্বণি দিয়ে নাচতে শুরু করল।

মতান্তরে–

রাখালবৃন্দ গোচারনে যাওয়ার জন্য কৃষ্ণ বলরামের কোন সংকেত না পেয়ে চিন্তিত হন। তাঁরা আশংকা করেন নন্দ মহারাজা, যশোদা, রোহিনী মহারাণীরা কৃষ্ণ বলরামকে গোচারনে যেতে বারন করেছেন। তাই সব রাখালবৃন্দ আলোচনা করে গোধেনু সাথে করে নন্দ মহারাজার প্রসাদে গিয়ে নান সুরে গান করে কৃষ্ণ বলরামকে ডাকতে শুরু করেন। তা শুনে যশোদা রোহিনী মহারাণীরা ঘর থেকে বের হয়ে রাখালদের বলেন গত রাতে দুস্বপ্ন দেখেছেন বলে কৃষ্ণ বলরামকে গোষ্ঠে যেতে দিবেন না। তাদের কথা শুনে রাখালবৃন্দ আরও করুন সুরে গান গেয়ে কৃষ্ণ বলরামকে ভিক্ষা চাইল। রাখালবৃন্দের অনুরোধে তুষ্ঠ হয়ে যশোদা ও রোহিনী মহারাণী নন্দ মহারাজের নিকট গোষ্ঠে যাওয়ার অনুমতি প্রার্থণা করেন এবং নন্দ মহারাজা গোষ্ঠে যাওয়ার অনুমতি দেন।

যশোদা ও রোহিনী কৃষ্ণ বলরামকে গোচারনে যাওয়ার জন্য উত্তম অলংকার ও বেশভূষায় সজ্জিত করে দেন এবং হাতে বাঁশী সমর্পণ করে নৃত্যের মাধ্যমে যাত্রা শুরু করে দেন। তার সাথে রাখালবৃন্দও নাচতে শুরু করেন। এভাবে নন্দমহারাজার প্রাঙ্গনে জগৎঈশ্বর ভগবান বালক শ্রীকৃষ্ণ গোষ্ঠ যাত্রার দৃশ্য অবলোকন করে স্বর্গ থেকে দেবতাগণ পুষ্প বৃষ্টি করেন।

অন্যদিকে শ্রীমতি রাধিকা কৃষ্ণের বংশীধ্বনি শুনে কাজ করার ছলে সব সখীগনের সাথে মিলে নিজ আলয়ের প্রবেশমুখে কৃষ্ণ দরশনের অপেক্ষায় থাকেন।

গোকুল থেকে যাবট গ্রাম অতিক্রম করার সময় শ্রীমতি রাধা অপেক্ষায় আছেন দেখে শ্রীকৃষ্ণ খুশী হন এবং বংশী সংকেত ও কটাক্ষ নয়নে বনে যাবার ইঙ্গিত দেন। ইঙ্গিত পেয়ে শ্রীমতি রাধিকা কৃষ্ণ সঙ্গ পাওয়ার বাঞ্ছায় সূর্য পূজার আয়োজনের ছলনা করে জটিলা, কুটিলা ও স্বামী আয়নের অনুমতি নিয়ে নেন।

মধ্যাহ্ন লীলা রস তত্ত্ব

অভিসার (সংকেত পেয়ে পিছনে পিছনে গমন)

সময় ঃ সকাল ১০-৪৮ থেকে ৩-৩৬ মিনিট।

রস ঃ তুলসীদেবী ও ধনিষ্ঠা মঞ্জুরী সখীদ্বয়ে শ্রীকৃষ্ণ রাধাকুন্ডপাড়ে কুঞ্জ তৈরী করে অপেক্ষায় আছেন এই সংবাদ উৎকণ্ঠিত শ্রীমতি রাধিকার নিকট পৌছান। এই সংবাদ পেয়ে বিলম্ব না করে সূর্য পূজার উপাচার ও সখীগন নিয়ে জয় মাধব বলে সূর্যকুন্ড অভিমুখে তড়িৎ গতিতে গমন করেন।

অন্তর্যামী শ্রীকৃষ্ণ রাধার আগমন জানতে পেরে বৃন্দাদেবীকে অভ্যর্থনার জন্য যেতে বলেন কিন্তু বিলম্ব সইতে না পেরে নিজেই রওনা হন। পথিমধ্যে দুজনের দেখা হয়।

মতান্তরে-

সূর্য্য পূজার সময় সূর্য্যমন্দিরে জটিলা এসে উপস্থিত হন। পূজার ব্রাহ্মণের সন্ধানে ললিতাকে প্রেরণ করেন। সে সময় ললিতা শ্রীকৃষ্ণকে ব্রাহ্মণ বেশে এনে সূর্য্য মন্দিরে সূর্য্যপূজায় নিয়োজিত করেন এবং পূজা সম্পন্ন করেন।

রাধাকৃষ্ণ দুজনে একে অন্যকে নানা ভঙ্গিমায় একে অন্যকে কটাক্ষ করে প্রেম নিবেদন করে। সে সময় সখীবৃন্দ শ্রীকৃষ্ণের বংশী হরণ করেন। বংশী সন্ধানের ছলে সব সখীবৃন্দকে আলিঙ্গন করে নিভৃত নিকুঞ্জ মন্দিরে গিয়ে শ্রীমতি রাধার সাথে প্রেম বিতরণ করেন শ্রীকৃষ্ণ। ক্ষণিক পরে নিকুঞ্জ মন্দির হতে বের হয়ে অলঙ্গার যুক্ত প্রেম বাক্য দিয়ে সখীসহ সবাই নানা খেলা করে। পরবর্তীতে সখীবৃন্দ রাধা কৃষ্ণকে একাসনে বসিয়ে যুগলরূপ দর্শন করে ফল, ফুল, মাল্য. ধুপ, দীপ, তাম্বুল দিয়ে যুগল চরণ সেবা করেন। বিশ্রামান্তে পুনরায় জলকেলি ও স্নানাদি সমাপন করে বেশভুষা ও অলংকার পরিধান করে সব সখীগণকে বিদায় দিয়ে শ্রীকৃষ্ণ রাখাল বালকগণের সহিত পুনরায় মিলিত হন।

অপরাহ্ন লীলা তত্ত্ব

সময় ঃ ৩-৩৬ থেকে ৬টা পর্যন্ত।

শ্রীকৃষ্ণের আগমন দেখে রাখাল বালকগণ মনের আনন্দে নাচতে থাকে। বলরাম ও রাখালবৃন্দ রাধাকর্তৃক আনিত সূর্য্যপূজার ফলমূলাদি আহার করতে থাকে। এভাবে খেলা করতে করতে সূর্য্য পশ্চিম দিকে অস্ত যাওয়ার রক্তিম আভা ছড়িয়ে পড়ে। তা দেখে বলরামের নির্দেশে ঘরে ফিরার প্রস্তুতি নেন এবং কৃষ্ণ বংশী ধ্বনি করে সকল গোধেনুকে নিজ নিজ নাম ধরে আহবান করে একত্র করেন। গোধেনুকে সামনে দিয়ে নাচতে নাচতে যাবট হয়ে নন্দগ্রামের

উদ্দেশ্যে রওনা হয়। গোচারণ থেকে ফিরার সময় শ্রীমতি রাধিকা নিজ আলয় থেকে শ্রীকৃষ্ণকে পুনঃদর্শন করেন। নন্দগ্রামে পৌছার পর নন্দরাণী এবং রোহিনী দুজনে পুত্রস্নেহে কৃষ্ণ ও বলরামকে আদরযত্ন করে ফলমূল খাওয়ান, তারপর স্নান মন্দিরে নিয়ে দু'জনকে স্নান করিয়ে নিজ নিজ শয়ন মন্দিরে নিয়ে শয়ন করান।

রাধাকৃষ্ণ রাত্রিলীলা তত্ত্ব

সায়াহ্ন লীলা তত্ত্ব (সন্ধ্যাকালীন রাধাকৃষ্ণ লীলা)

সময় ঃ সন্ধ্যা ৬টা থেকে ৮-২৪ মিনিট পর্যন্ত।

শ্রীকৃষ্ণ শয়ন মন্দিরে সব জানালা বন্ধ করে বিশ্রাম নেন কিন্তু যাবট মুখী জানালা খুলে রাখেন। যাবটমুখী জানালা দিয়ে শ্রীমতি রাধিকাকে দর্শনের অভিলাষে চেয়ে থাকেন। দূর হতে শ্রীমতি রাধিকাও কৃষ্ণ দর্শন করতে থাকেন। এর মধ্যে শ্রীমতি রাধিকা ধনিষ্ঠা মঞ্জুরীকে পাঠিয়ে কৃষ্ণসখা সুবলের নিকট নৈশ লীলা (বার ভেদে কুঞ্জ তত্ত্ব অবলম্বনে) কৃষ্ণ মিলনের আকাঙ্খার তথ্য প্রেরণ করেন।

রাত্রিকালীন প্রদোষ লীলা তত্ত্ব

প্রদোষঃ (রাত্রিকালীন প্রথম চারদন্ডকাল)

সময় ঃ রাত্রি ৮-২৪ থেকে ১০-৪৮ মিনিট পর্যন্ত।

শ্লোক

রাধাং সালীগণাং তামসিত সিত নিশা যোগ্য বেশাং প্রদোষে
দূত্যা বৃন্দাপদেশাদভিসৃত যমুন তীর কল্পাগ কুঞ্জাং।
কৃষ্ণং গৌপৈঃ সভায়াং বিহিত গুণি কলালোকনং স্নিগ্ধামাত্র
যত্নাদানীয় সংশায়িতমথ নিভৃতং প্রাপ্ত কুঞ্জং স্মরামি।

শ্রীমতি রাধিকা তার উন্মনা (চঞ্চল) প্রেম নিয়ে সখীবৃন্দের সাথে আলাপ করেন। এদিকে বৃন্দা দেবী রাধা কৃষ্ণ দুজনকে নানা সেবা শুশ্রূষা মাধ্যমে আরাধনা করতে পারবে এই ভেবে খুশীতে নৃত্যগীত করতে থাকে।

নিশা লীলা

সময় ঃ রাত্রি ১০-৮ থেকে ৩-৩৬ মিনিট পর্যন্ত।

মনোহর গন্ধ, পুষ্পমাল্য, তাম্বুল ও পাখার সুশীতল বায়ু সেবনে রাধাকৃষ্ণ দুজনে প্রেম প্রেমিকা সহচরী সদৃশ মধুর বচনে সংগোপনে রতি রসে গহন কাননে বৃন্দবনে গভীর নিদ্রায় মত্ত। এই ভ্রমর সদৃশ রজনীর মনোরম কুসুম রাজির মধ্যে শয়নরত রাধাকৃষ্ণ শুভ রজনীকে এই নিশালীলা ক্ষণে স্মরণ করা হয়।

নিশান্ত লীলা তত্ত্ব

সময় ঃ রাত্রি ৩-৩৬ থেকে ৬ মিনিট পর্যন্ত।

রাত্রন্তে ত্রস্ত বৃন্দেরিত বহু বিরবৈর্বোধিতৌ কীরশারী
পদ্যৈহৃদ্যৈরহৃদ্যৈরপি সুখশয়নাদুত্থিতৌ তৌসখীভিঃ।
দৃষ্টৌ হৃষ্টৌ তদাত্বোদিত রতিললিতৌ কক্খটী গী সশঙ্কৌ
রাধাকৃষ্ণৌ সতৃষ্ণাবপি নিজ নিজ ধাম্ন্যাপ্ত তলপৌ স্মরামি॥

বৃন্দাবনে অরণ্যের বৃক্ষরাজিতে আশ্রয়রত ভয়ে ভীত বিহঙ্গ শুক শারী রাত্রি অবসানে নিদ্রা ত্যাগ করে প্রফুল্লচিত্তে সুললিত মধুর স্বরে কুজনে পাখা মেলে বিচরণ করতে শুরু করে. ...হঙ্গ বিচরণে ও মৃদু পবনে এবং কোলাহলে নানা পুষ্প অবলম্বনে নিদ্রা মগ্ন মৌমাছি নিদ্রা ত্যাগ করে গুন গুন কলেরবে ফুলে

ফুলে বিচরণ শুরু করে। বিহঙ্গ ও মৌমাছির কর্কশ কলেরবে গকুলের কোমল অরণ্য তৃণরাজি কুঞ্জতে অতি সুখে শয়নরত রাধা কৃষ্ণের নিদ্রা ভঙ্গ হয়। এই ক্ষণে শ্রীহরি রাধা ও গোপীর পদ কমল স্মরণ করা হয়।

এখানে উল্লেখ্য রাধা কৃষ্ণের নিত্য লীলা ও রাধা কৃষ্ণের রাস লীলা রস তত্ত্ব আলাদা আলাদা।

বিষ্ণুপ্রিয়া মণিপুরী মণ্ডপ-সংস্কৃতি

(বিষ্ণুপ্রিয়া মণিপুরী ভাষায়)

মণ্ডপ নির্ণয় ঃ আমার সংকীর্তনর মণ্ডপ এগর অর্থ শ্রীবৃন্দাবনহান। মেওগর চারিয়োবারার খুটি এতা– অষ্টসখিয়ে অষ্টকুঞ্জ। ঔতার মাঝে মুঙর খুটা দুগ, পিঠির খুটা দুগ, উত্তরর খুটা দুগ, বারো দক্ষিণর খুটা দুগ। এতাই চারি কোণর খুটা চারিগ-যুদ্দা চারি কৃষ্ণ। এখুরুম চারিবারর মোট খুটা বারোগই দ্বাদশ বন। অর্থাৎ কোণর কুটা চারিয়োগর রসহান ঐলতাই পূর্বরাগ–১. মান ২. প্রেম. ৩. বৈচিত্র ৪. দূর প্রবাস। চারি ফালুর দোয়ার চারিয়োহানে চারি সম্ভোগ– ১. সংক্ষিপ্ত ২. সংকীর্ণ ৩. সম্পূর্ণ ৪. সমৃদ্ধিমান।

চারিকোণে চারিগ দৌ।

১. ঈশান কোণে– গণেশ
২. অগ্নিকোণে – মহেশ্বর
৩. নৈঋত কোণে–কেশব
৪. বায়ুকোণে –অনন্ত।

দৌ ঔগির চারি কোণে ঘট বহেয়া চারিয়োগর পূজা দেনা লাগের। কোণর ফাম উহানীর মাঝে হোভা বুজন বৈষ্ণব বারো জ্ঞানী গুণীবন্ত উতারে বহুয়ানি লাগের। ঔগির রূপহান- ইহ কলির মাঝে কিসাদে বহিতাই ঔহান অইলাতাই–

১. ঈশান কোণে– মুকুন্দ (হনুমান অবতার)
২. অগ্নিকোণে – নিত্যানন্দ (বলরাম অবতার)
৩. নৈঋত কোণে–মাধবেন্দ্র পুরী (পূর্ণমাসী অবতার)
৪. বায়ুকোণে –শ্রীনিবাস (নারদ অবতার)।

এতার ভাব ধরিয়া শ্রীবৃন্দাবনহান নিংকরিয়া কীর্তনর মালঠপগৎ বহানি লাগের।

হমবুকুর মেও উগর খুটা ঔগ সত্যযুগর কল্পবৃক্ষ, এ যুগে শ্রীকৃষ্ণচৈতন্য অবতার বারো কীর্তনহানর মূর্তিগর অবয়বহান ভাবর আধিকারিক রসরাজ মূর্তি ঔগ। ঔ ফাম ঔহানর নাং অইলতাই 'যোগপীঠ'। ঔ জাগা উহানাৎ দৌ নৌগর পূজা দেনা লাগের। দৌগী অইলাতই –

১. হাক্‌হানর দৌগ ইন্দ্র সরাআল

২. বায়ুদেবতা বা বৌরাজা
৩. জিরদৌগ অগ্নিগিরক
৪. পানির দৌগ বরুণদেব
৫. মাটির দৌগ বাসুকী
৬. ছয়ঋতুর মাপুগী হেমন্ত বারো
৭. বসন্ত
৮. চন্দ্র বা সোমদেব হভার দৌগ
৯. আধার বিনাশকারী সূর্যদেব।

যোগপীঠর লগে আমার হরিসংকীর্তনর মাণ্ডেপ অইলতাই মিছিঙে পাচগ। ওগী–

১. শ্রীপাদ ধনার মাণ্ডেপ আগ–খম্বামফামহান
২. ভাণ্ডারীর মাণ্ডেপ আগ
৩. ভাত রাধানীর মাণ্ডেপ আগ
৪. নিত্য হরিসংকীর্তনর মাণ্ডেপ আগা
৫. আরাংফামর মাণ্ডেপ আগ।

ফাম ফাম লেহে মাণ্ডেপগ লেহে এতার প্রকরণউ খেই।

১. **খম্বাম ফামর** গিরক অইলতাই 'গোপেশ্বর মহাদেব'–শ্রীচৈতন্যর পার্ষদগতে ভাগ্যবান কালিদাস। এপেইৎ ঘট আগ ফুতি আহনলো বেড়েয়া বহেইতারা। এ ঘট এগই শ্রীমতি রাধিকার হিয়াহানর মেইঙাল করেচে মণি বুঝার। মণি দ্বিয়গ যতন করিয়া থোয়াছিলি উহান অইলতাই ফুতি উহান। এহানর মাঝে কৃষ্ণস্বরূপ অয়া আহের পরম বৈষ্ণব গিরক উগর পদ ধৌত করতারা ফাম উহানর নাং 'রাধাকৃণ্ড বারো শ্যামকুণ্ড'। বারো পুছে দেনার ফুতি উহান মূলে শ্রীমতি রাধিকার চুলগ বুলিয়া নিংকরতারা।

২. ভাণ্ডারগর ফামহান চলারতাই 'ভগবতী দূর্গার স্বরূপ' রাঘব পণ্ডিত গিরকে। ধনপতি কুবের গিরকে গিথানকর ভান্ডারগ চলাছিল বুলিয়া এপেইৎ ধনপতি কুবেরর পূজা দেনা লাগের।

৩. ভাত রাধের বামুন ঔগ লক্ষীস্বরূপ। তার ওয়াহি, খলফাম, ব্যবহার হোভা অনি লাগের। পবিত্র অয়া মেইথঙে ফেইচা বাধিয়া নুয়া ফিজেৎ লাগেয়া হারৌ অয়া তা তার কাম করানি লাগের।

৪. নিত্যমণ্ডলী হরিসংকীর্তন মাণ্ডেপ এগৎ শ্রীকৃষ্ণচৈতন্যর পূজা দেনা লাগের।
৫. আরংফামর গিরক লক্ষীনারায়ণ। এপেইৎ তার পূজা দেনা লাগের। এ ফাম এহানাত্তপুরী বৃন্দ গিথানকে হরিসংকীর্তনর ফিজেৎ দিরীগ। এপেইত্তপুরী কীর্তনহানর ফুতি-ফালি-ফিজেৎ নিয়া দেনা। শ্রীচৈতন্যলীলাৎ আরামফামে বহেছিলতাই দামোদর গিরক।
৬. শ্রীমণ্ডপে বৈষ্ণব গিরিগিথানীরে জাগা লেপকরিয়া বহুয়ারতাই ব্রহ্মাগিরকে। শ্রীচৈতন্যলীলাৎ শিবানন্দ বুদ্ধিমান গিরকে এ ফাম এহান করেছেগ। এ পদবীধারী সেবারী এগরে **'সম্ভাষা'** বুলিয়ার। কারণ তা হাবিরে সম্ভাষণ করিয়া নেরগা বুলিয়া।

পঞ্চতত্ত্ব বারো আমার পালা কীর্তন ঃ মন. বুদ্ধি. চিৎ, ইন্দ্রিয়, ঠইগ(প্রাণ) এগীর নাংহান পঞ্চতত্ত্ব। শ্রীকৃষ্ণচৈতন্য প্রভুর নামহানাত্ত নিকুলিল 'ঈশাল্লা' শ্রীবাস। প্রভুর বুদ্ধিহানাত্ত অইল 'ডাকুলা' শ্রীঅদ্বৈত। প্রভুর দশ ইন্দ্রিয়ত্ত শ্রীঅদ্বৈতই হুঙ্কার দিয়া শ্রীগৌরাঙ্গরে আকর্ষণ করিয়া 'গৌরাঙ্গ মূরতিগ' লিংখাত করলো। শ্রীগৌরাঙ্গর শ্রীমুখ উহানাত্তপুরী ওঁকার, প্রণব, রাগর যারি মাতানি অকরলো। পঞ্চরসেত্তপুরী ঝংকার, টংকার রৌ এহানীয়ৌ নিকুলিল- এতাই তাল, মাত্রা বারো শব্দ। এখুরুম এ পঞ্চরসেত্ত রৌ পাচহান নিকুলিল। ১. মৃদঙ্গ বা ডাকগর রৌ আহান ২. করতানর রৌহান ৩. কাংসীর রৌহান ৪. মইপুঙর রৌহান ৫. সেলপুঙর রৌহান। এহানেই রাগর পয়লাকার নিরূপন অকরাহান। যে আখরলো প্রভুর মূরতিগ লেপকরানি অর ঔগী অইলতাই-তা - রি -তা - না - রি - তা - না - না - না। উহানলো রাগগৎ তাল বাগানি নাকরের।

(প্রবন্ধটি শ্রীগোলক রাজকুমার কর্তৃক বিরচিত এবং মহাসভার মুখপত্র 'রথচক্র' (শিলচর, ১৯৮৪) তে প্রকাশিত। সেখান থেকে হুবহু সংকলীত করা হয়েছে।)

প্রশ্নোত্তরে গুরুসংকীর্তন

(বিষ্ণুপ্রিয়া মণিপুরী ভাষায়)

❀ হরিসংকীর্তন এহান কিহান বুঝার?

"কলিযুগে নাম রূপে শ্রীকৃষ্ণ অবতার।
নাম হইতে হইবে সর্ব উদ্ধার।
সংকীর্তন শ্রীহরি অঙ্গস্বরূপ বলিয়া ভাগবতে প্রকাশ"।

কলিযুগে ভগবান শ্রীহরি নামরূপে অবতার অসে। উহারকা নাম হুনানি নাম কীর্তনই হাবিত্ত হবা কামহান। শ্রীমতি রাধিকার তিন বাঞ্ছা-ভাব, কান্তি, বিলাসই–হরিসংকীর্তন। পঞ্চতত্ত্ব চৈতন্য, নিত্যানন্দ, অদ্বৈত, শ্রীবাস, গদাধরই হরি সংকীর্তনের মূল প্রকাশক ও প্রচারক। পঞ্চতত্ত্ব ছাড়া শ্রীহরিসংকীর্তন সম্ভব নাউ অর। পঞ্চতত্ত্বই শ্রীকৃষ্ণ অঙ্গস্বরূপ। শ্রীমতি রাধিকা প্রকৃতি স্বরূপ। ভগবান শ্রীকৃষ্ণ পুরুষ। প্রকৃতি পুরুষ সঙ্গ লাভের অভিলাষই হরি সংকীর্তন।

❀ পয়লা অষ্টপ্রহর হরিসংকীর্তন কোম্বাবাকা অকরেছি ?

...চৈতন্য মহাপ্রভু কলিযুগ উদ্ধারর নিমিত্তে ভাবক, বৈষ্ণব, ভক্ত, পঞ্চতত্ত্ব, ছয় গোসাই, চৌষট্টি মহন্ত লগে করিয়া পয়লাকা বেদশাস্ত্র, ভাগবত, পুরাণ আদি পাঠে "শাস্ত্র কীর্তন" করিয়া ভাবর আদান প্রদান করেছি। দ্বিতীয়ত নগর কীর্তন পদব্রজে করিয়া নাম বিলাসি। পরিশেষে ৮ (অষ্ট) কালীন হরি সংকীর্তন শ্রীবাস অঙ্গনে উদ্‌যাপন করিছি।

❀ মণিপুরে কোম্বাকা হরিসংকীর্তন আরম্ভ করেছি ?

১৭১৪ খৃঃ মহারাজা পামহৈবা সিংহ (গরীব নেওয়াজ) গিরকে ধর্মগুরু শান্ত দাস বাবাজিরাংত বৈষ্ণব ধর্মত দীক্ষা গ্রহণ করিয়া শ্রীশ্রীহরি সংকীর্তনেই মুক্তির একমাত্র পথগ নির্ণয় করিয়া গুরুর য়্যাথাঙে বঙ্গদেশেত্ব নাটপালা কীর্তনী মণিপুরে আনিয়া শ্রীশ্রীহরি সংকীর্তন পয়লা আরম্ভ করেছি। পরে ১৭৬৪ খ্রঃ মহারাজা ভাগ্যচন্দ্র গিরকে খানি উন্নত করিয়া তৎকালর মণিপুরর ঢাকুলা, ইশালপা, দোহার, পালা, ওঝা, গুরু আদি আনিয়া নৃত্য সঙ্গীতর প্রশিক্ষণ দিয়া নুয়া ব্যবস্থা আহান করে দেছে।

❀ পঞ্চতত্ত্ব কিহান?

...পঞ্চতত্ত্ব হরিসংকীর্তনর কল্প বৃক্ষ। শ্রীচৈতন্য হরিসংকীর্তনর মূলগ। নিত্যানন্দ কান্ড, অদ্বৈত শাখা, শ্রীবাস প্রশাখা, গদাধর পত্র ও ফুল-ফল।

❀ মণিপুরী সংস্কৃতিতে পঞ্চতত্ত্ব কারেলো হংকরতারা?

(ক) ইসালপা–শ্রীবাস-মন (গৌরীদাস)

(খ) ডাকুলা-অদ্বৈত-বুদ্ধি

(গ) কীর্ত্তনমাপু– নিতাইনন্দ-একচিত্ত (মাধবেন্দ্রপুরী)

(ঘ) খলপাঙ– মুরারি–ইন্দ্রিয়

(ঙ) দোয়ার–মুকুন্দ-প্রাণ (গদাধর)

❀ লেই চন্দন এহান কিহান?

...লেই মানে পুস্প (ফুল), চন্দন মনে কাষ্ঠ, মৃর্ত্তিকা, গোপী পদধুলি। লেই চন্দন দেনার উদ্দেশ্যহান অইলতা- স্বাগতম, অভ্যর্থনা হারপুয়ানি। অতিথি অভ্যর্থনাই লেইচন্দ সেবা। শ্রীবাস অঙ্গনে হরিসংকীর্তন উৎযাপন করানির সময় নিমন্ত্রিত যত ভাবক বৈষ্ণব উতারে সেবাধারি আগই ফুল চন্দন, ধুপ, দীপ, দর্পণ তাম্বুল আদি প্রদর্শনে অভ্যাগত অতিথির আগমনর স্বাগত তথা মনোবাঞ্ছা পূরণ অভিলাষে প্রেমভক্তি নিবেদন করেছি।

লৈইচন্দন এহান শ্রীমতি রাধার মূর্ত্তিগো, সেবারি অগই ফুকামহাৎ থইতারা লৈইচন্দনর বস্তু অতা সম্পর্কে হারপানি থকর। লৈচন্দনর দীপ অগই আখিগি, পান বা তাম্বুল অতাই থতাহান, চন্দন অতাই নাকগো, ফুল অতাই কানহানি, ধুপ মেংকুরুক্ অতাই চামহান, হুনা রূপা দ্বিয়তাই যুগলহান, মেংশেল আহান থুয়াছি অহান ভাবমিলনহান।

লেইচন্দন লনার নিয়মহান ঃ পয়লা পৃথিবী ইমারে স্পর্শ করিয়া দর্পনে নিজর সাধারণ রূপ দর্শন করিয়া বাতর বারালো ফুলগো ধরিয়া চন্দন, ধুপ, দীপ, দর্পন তাম্বুল আদি অনামিকা আঙুলিগোলো ছকয়া মনে পুংনিং চিলয়া ধ্যান অয়া সংকীর্তন হুনানির য়াথাং লয়া কপালে চন্দন ফুটা কানে ফুল ধারণ করিয়া বারো মেংসেল চানা থকর।

❀ বার্তন এহান কিহান?

কোন কর্মআহান ঠৌরাং করিয়া লেপ্পা দিন আহান অয়তে বুলিয়া উপাচার আদিল বার্তনীগোর দ্বারা মানু লেপকরিয়া কর্মহানাৎ উপস্থিত থানারকা খবর আহান পাঠানি অর–ঔহানরে বার্তন বুলতারা। ব্রজভাবে দ্বাপরযুগে শ্রীমতি রাধিকায় বৃন্দাবনর রাধা কুণ্ডর পাড়ে নিকুঞ্জ মন্দিরে রাস লীলা থৌরাং করিয়া প্রাণ গোবিন্দ ভগবান শ্রীকৃষ্ণরে আস্তা কাঁচা গুয়া, পানা, ফুল, চন্দন, প্রদীপ মূল্য দিয়া বৃন্দা ধুতি ও তুলসী মঞ্জুরী বার্তন দেছিলা। কলিকালে চৈতন্য অবতারে হরিসংকীর্তনর বার্তন শ্রীরূপ গোস্বামীয়ে দেছিল।

❀ সম্ভাষাগো কারে মাততারা?

আমার পূর্বপুরুষ গিরিগিথানীয়ে আয়োজন করা দেবকর্ম, পিতৃকর্ম, হরি সংকীর্তন. দশকর্ম, মাঙ্গলিক কর্ম, যজ্ঞ, পূজা আদিত নিমন্ত্রিত অতিথি ওঝা, গুরু, ব্রাহ্মণ, পণ্ডিত, ভাবক, বৈষ্ণব, ভক্ত, রাজা, সিজা, লেইমা, গিরি. মুক্তিয়ার, ইমা ইন্দল, ঢাকুলা, ইশালপা, দোহার, পালাই আয়োজিত কর্মত উপস্থিত অইলে যথারীতি পরিচয় আংকরা আংকরি করিয়া হারপা হারপি অয়া যথারীতি সেবা আদি করিয়া নিয়া সম্প্রদায় অনুযায়ী গুণ ও বয়স অনুপাতে নির্দ্দিষ্ট সংরক্ষিত আসনে বহুয়ানির রীতি এহান ব্যবস্থা থ দিয়া গেছিগা। এ কাম এহান করানি কা যে মানুগই করের উগরে সম্ভাষাগো মাততারা। শ্রীচৈতন্য মহাপ্রভুর হরিসংকীর্তনে শিবানন্দ সেন গিরকে সম্ভাষাগোর দায়িত্ব পালন করেছে।

❀ ভান্ডারী তত্ত্বহান কিহান?

আদিত্ব বর্তমান পেয়া কোন আয়োজিত দেবকর্ম, পিতৃকর্ম, দশকর্ম, পূজা, যজ্ঞ, হরি সংকীর্তনর নিমিত্তে জোগাড় করা হাবি জাতর দরকারী জিনিষ পুলকরিয়া আকপেই থইতারা ফামহানার নাঙহান ভান্ডার। সত্য যুগে ভগবান শ্রীবিষ্ণুয়ে লক্ষীদেবীরাং ভান্ডারর দায়িত্বে অসিলি। এগরেই কুবেরর ভান্ডারগ বুলিয়া মাত্তারা। চৈতন্য মহাপ্রভুর য়্যাথাঙে শ্রীবাস অঙ্গনে আয়োজিত সংকীর্তনে আছিল রাঘব পণ্ডিত। ভান্ডারে ঘট স্থাপন করিয়া লক্ষীধ্যান করিয়া জলপ্রদীপ জ্বলেয়া যত সময় পর্যন্ত কর্মহান সমাপ্ত নাছে অচু সময় পর্যন্ত থনি লাগের।

❀ আরাঙফাম এহান কিহান?

আরাঙ মানে সেবা। যে ফামহানাৎত্ব হরিসংকীর্তনর ফিজেৎ, ফুল, চন্দন, প্রদীপ, ধুপ, দর্পণ, তাম্বুল এতা হাবি তথা আরাকউ পতলামর যোগান দেনা অর ঔহানরে মাত্তারা । আরংফামর গিরক লক্ষীনারায়ণ। এপেইৎ তার পূজা দেনা লাগের। এ ফাম এহানাত্তপুরী বৃন্দ গিথানকে হরি-সংকীর্তনর ফিজেৎ দিরীগ। এপেইত্তপুরী কীর্তনহানর ফুতি-ফালি-ফিজেৎ নিয়া দেনা। শ্রীচৈতন্যলীলাৎ আরামফামে বহেছিলতাই দামোদর গিরক। এ বিধি ব্যবস্থা এহান অন্যান্য জাতর কৃষ্টির লগে না মিলের। এহান সম্পূর্ণ আমার জাতীয় কৃষ্টি সংস্কৃতি পরমপরাহান।

❀ খম্বামফাম এহান কিহান?

খম্বা মানে মহাদেব, ফাম মানে স্থান বা মন্দির অর্থাৎ খম্বামফাম মানে মহাদেব মন্দির। আরাক অর্থে মাততারা পদধৌত মন্দির। কারণ পদধৌত (চরণ) সেবাই খৌরাঙপা পূণ্যফল প্রাপ্তি অর। শ্রীচৈতন্যর পার্যদে খম্বাফামর দায়িত্বে আছিল ভাগ্যবান কালিদাস। এপেইৎ ঘট আগ ফুতি আহনলো বেড়েয়া বহেইতারা। এ ঘট এগই শ্রীমতি রাধিকার হিয়াহানর মেইঙাল করেচে মণি বুঝার। মণি দ্বিয়গ যতন করিয়া থোয়াছিলি উহান অইলতাই ফুতি উহান। এহানর মাঝে কৃষ্ণস্বরূপ অয়া আহের পরম বৈষ্ণব গিরক উগর পদ ধৌত করতারা ফাম উহানর নাং 'রাধাকুণ্ড বারো শ্যামকুণ্ড'। বারো পুছে দেনার ফুতি উহান মূলে শ্রীমতি রাধিকার চুলগ বুলিয়া নিংকরতারা।

❀ কীর্তনমাপুগ এগো কোংগো?

কীর্তনমাপু (মণ্ডপ প্রধান) হরি সংকীর্তন মণ্ডপর মূল পদফামহান। গিরকর গজে হরি সংকীর্তন পরিচালন ও পরিবেশনর হাবি দায়িত্ব থার। সংকীর্তনর শৃঙ্খলা গিরকর পরিচালনাত চলের। কীর্তনমাপু (কীর্তন প্রধান) হরি সংকীর্তনর নিয়ন্ত্রণ কর্তা। হরিসংকীর্তন চলানির সময় ইশালপা, ঢাকুলা, দোহার, পালায় যদি সংকীর্তনর রাগিনী, ছন্দ, তাল, মান, লয়, রস আদি ভঙ্গ করলে কীর্তনমাপু গিরকে চিনকরিয়া বারো শুদ্ধ করানি লাগের।

❁ অদ্বৈত পূজার মাহাত্ম এহান কিহান?

আশ্রয় বারো অবলম্বন নাইলে স্থিতি ও মূর্ত্তি পাল নার। প্রাপ্তি ও মুক্তি নার। হরি সংকীর্তনে ইশালপা, ঢাকুলা দোহার তথা সম্প্রদায় বৈষ্ণব আদিয়ে সংকীর্তনর তাল মান লয় সঞ্চারর কারণে ব্যবহার নিমিত্তে আনতারা বাদ্যযন্ত্র সম্প্রদায় গুরু অদ্বৈত প্রভুর অবলম্বন ও আশ্রয়ে পূজা করানি থক। কারণ রাগ সঞ্চার অদ্বৈত প্রভুর হুঙ্কার নাইলে অনা নুয়ারের। যন্ত্র বাদ্যর অধিকর্তা স্বয়ং অদ্বৈত প্রভু। অদ্বৈত গোবিন্দ অবলম্বনে ও আশ্রয়ে ফুলর মালার ন্যায় দোহার পালা আদিয়ে হরি সংকীর্তন পালা মণ্ডলী সাজেয়া নিজ নিজ বাদ্য যন্ত্র আতে ধরিয়া তাল মান লয় রহেয়া হরি গুণ গান করতারা, প্রকাশ করতারা। ঔ তত্ত্বমতে অদ্বৈত প্রভুরাং সপিয়া প্রভুর আশ্রয়ে ও অবলম্বনে প্রভুর অনুগত অয়া বাদ্যযন্ত্র পূজা করানি থক। ঔহান অইলে সংকীর্তন পূর্ণাঙ্গ অর।

❁ রাগ সঞ্চার ঔহান কিহান?

রাগ মানে ভগবান শ্রীহরির অঙ্গ নিরূপন (বর্ণনা)। সঞ্চার মানে প্রাণ প্রতিষ্ঠা করানি বুঝার।

❁ গৌরচন্দ্রিকা কারে মাত্তারা?

গৌরচন্দ্রিকা মানে ভূমিকা, সূচনা বুঝার। শ্রীশ্রী হরিসংকীর্তনর মূল রসকীর্তন অকরানির আগে মঙ্গলাচরণ স্বরূপ শ্রীশ্রীগৌরাঙ্গ মহাপ্রভুর গুণগান প্রকাশে বন্দনা বা স্তুতি করিয়া প্রভুর আশ্রয় ও অবলম্বনে শ্রীশ্রীহরি সংকীর্তনে ভগবান শ্রীকৃষ্ণর গুণগান পরিবেশন করানি থকর। ঔহানরে গৌরচন্দ্রিকা বুলতারা।

❁ বেরিঘাট তত্ত্ব এহান কিহান?

হরি সংকীর্তন হৌকরানির উদ্দেশ্যত মণ্ডপ প্রধান কীর্তনমাপু গিরকে জয়ধ্বনি করলে পালা কীর্তন মণ্ডলী ইশালপা, ঢাকুলা, দোহার, পালাই পুংনিং চিলয়া ভগবান শ্রীহরিরে নিংকরিয়া রাগ রাগিনী সঞ্চারে প্রভুরে আহবান (ডাহিয়া) হরি সংকীর্তন মণ্ডলীর হম্বুকে (মেয়ুম) নির্দ্দিষ্ট আসনে বহেয়া পালা কীর্তন পরিষদ ঢাকুলা, ইশালপা, দোহার পালাই মহানন্দে

মণ্ডলী পরিক্রমা করিয়া আগরে আগই আলিঙ্গনে প্রেম ভক্তি আদান প্রদান করিয়া পান তাম্বুল আদি দেনা দেনি রীতি ঔহানরে বেরিঘাট বুলতারা।

❀ চারিসম্প্রদায়ই মানে কিহান?

গৌড়ীয় বৈষ্ণব ধর্মগুরু চারি সম্প্রদায়র আচার্য্য চারিগই দ্রাবিড় গৌড় দেশে আবির্ভাব। ঔতা অইতাই (১) রুদ্রঃ সম্প্রদায় (বিষ্ণুস্বামী) জাত বৈষ্ণব। এসম্প্রদায় এহান সংকীর্তন মণ্ডপে উত্তরেদে আসনহান। (২) সনক সম্প্রদায় (নিম্বাদিত্য/নিমাউত) জাত বৈষ্ণব। এসম্প্রদায় এহান সংকীর্তন মণ্ডপে পূবেদে আসনহান। (৩) শ্রীঃ সম্প্রদায় (রামানুজ/রামানন্দ/রামাউত) জাত বৈষ্ণব। এসম্প্রদায় এহান সংকীর্তন মণ্ডপে দক্ষিনেদে আসনহান। (৪) ব্রহ্মাঃ সম্প্রদায় –(মাধবাচার্য্য/মধক্ষাচার্য্য) জাত বৈষ্ণব। এসম্প্রদায় এহান সংকীর্তন মণ্ডপে পশ্চিমেদে আসনহান।

❀ ছয়গোসাই কারে মাত্তারা?

শ্রীরূপ গোস্বামী, সনাতন গোস্বামী, রঘুনাথ ভট্ট, গোপাল ভট্ট, শ্রীজীব, রঘুনাথ দাস এরে ছয়গিরে ছয়গোসাই মাত্তারা।

❀ চৌষট্টি মহন্ত কারে মাত্তারা?

শ্রীমদ্ভাগবত তত্ত্বর মতে- ত্রেতাযুগে রামপ্রভুর বনবাস কালে ৬৪ (চৌষট্টিগ) বালকিরা মুনির লগে উনা অর ঔবাকা ঔ বালকিরা মুনি হাবিয়ে প্রভু দর্শনে হারৌ অয়া কোলাকুলি (আলিঙ্গনে) প্রেম ভাবর আদান প্রদানর ইচ্ছা প্রকাশ করলে, প্রভুয়ে তানুর অভিপ্রায় হারপেয়া প্রতিশ্রুতি দিয়া সান্ত না দের। পর জন্মত দ্বাপর যুগে কৃষ্ণ অবতারে ব্রজত গিয়া জরম অইতাই উবাকা দেহা দেহি অইতাঙাই। ঔপেইত মি তোমার ইচ্ছা পূরণ করতৌ বুলিয়া বর দের। ঔ বর মতে ৬৪ (চৌষট্টি) বালকিরা মুনি অভিপ্রায় মতে কোন্ কোনগ বৃন্দাবনে ব্রজগোপাল কোন কোনগো ব্রজর গোপী কোন কোনগ গো-ধেনু, বৃক্ষ লতা, গুল্ম, পশু, পক্ষীরূপে জরম অয়া ভগবান শ্রীকৃষ্ণর লগে খেলা-লীলা, নৃত্য বিহার ও সেবা করেছি।

•

মতান্তরে–

কোন বৈষ্ণব লেখকরা মতে শ্রীমতি রাধিকার ৮ (অষ্ট) সখী (ললিতা, বিশাখা, চিত্রা, ইন্দুরেখা, চম্পকলতা, রঙ্গদেবী, তুঙ্গবিদ্যা, সুদেবী) প্রত্যেকর নিজস্ব আট আটগ মোট ৬৪ (চৌষট্টি)গ সহকারী উপসখীর দল (কলেবর) (সদস্যা) আছিলা। তানুয়েও কৃষ্ণগত প্রাণা। কৃষ্ণ প্রীতিত দেহ মন কাতরেছিলা। ঐ ৬৪ (চৌষট্টি) সহকারী উপসখী হাবি আয়া ৬৪ (চৌষট্টি) মহন্তরূপে জরম অয়া শ্রীশ্রী চৈতন্য মহাপ্রভুর লগে কলিজীব উদ্ধারর নিমিত্তে শ্রীশ্রী হরি সংকীতন করেছি।

দ্বিতীয় পর্ব

(মণিপুরীদের সংক্ষিপ্ত ইতিহাস)

মণিপুরীদের সংক্ষিপ্ত ইতিহাস ঃ
(বাংলা ভাষায়)

ভারতের উত্তর-পূর্বঞ্চালে অবস্থিত মণিপুর রাজ্য মণিপুরীদের আদি বাসস্থান। পৌরাণিক মতে বিষ্ণুপ্রিয়া মণিপুরীরা তৃতীয় পাণ্ডব অর্জুনের বংশধর। পান্ডুপুত্র পঞ্চ ভ্রাতার মধ্যে একদা প্রতিজ্ঞাসূত্র ভঙ্গ করায় অর্জুনকে দ্বাদশ বৎসরের জন্য বনে গমন করতে হয়েছিল। ভ্রমণের এক পর্যায়ে অর্জুন মণিপুর রাজ্যে উপনীত হলে তথায় চিত্রবাহন নামে গন্ধর্ব রাজার দরবারে উপস্থিত হন। মণিপুর রাজ চিত্রবাহনের চিত্রঙ্গদা নামে এক পরমা সুন্দরী কন্যা ছিল। অর্জুন তীর্থস্থান ধ্যান, দান দক্ষিণাদি সমাপ্তির পর চিত্রাঙ্গদাকে দেখে মোহিত হন এবং গন্ধর্ব রাজের কাছে মেয়ে সন্তানকে প্রার্থনা জ্ঞাপন করলেন। গন্ধবর্ক্ষ রাজের কোন পুত্র সন্তান ছিল না তিনি পুত্রিক বিধানে বিবাহ করার প্রস্তাব জানালেন। অজুন তাতে স্বীকৃত হয়ে চিত্রাঙ্গদাকে বিবাহ করেন। তিনি কিছুকাল গন্ধর্ব দেশে অবস্থান করে চলে যান। পরে চিত্রাঙ্গদার গর্ভে একটি পুত্র সন্তান জন্ম লাভ করেন, তাঁর নাম বভ্রুবাহন এবং তাঁর উত্তরসুরীরাই মণিপুর রাজ্য পর্যায়ক্রমে শাসন করতে থাকে।

ভারতে ব্রিটিশ শাসনের শুরুতে মণিপুর একটি স্বাধীন রাজ্য ছিল। মণিপুরের পার্শ্ববর্তী রাজ্য ছিল কাছাড়, ত্রিপুরা ও বার্মা। ১৭৬৪ সনে মহারাজা জয় সিংহ (ভাগ্য চন্দ্র) মণিপুরের রাজপদে অভিষিক্ত হন। জয়সিংহ সিংহাসনে আরোহন করার সাথে সাথে ব্রহ্মরাজের রাজা আলাউংপায়ারা (Allaung paya) এর সঙ্গে যুদ্ধে লিপ্ত হন এবং উক্ত সময়ে কিছু মণিপুরী কাছাড়, ত্রিপুরা ও বার্মায় চলে আসেন। তবে ১৮১৯-১৮২৬ সালের সংঘটিত বার্মা-মণিপুর যুদ্ধের ফলে ব্যাপক হারে মণিপুরীদের অভিবাসন ঘটে। ১৮১৯ সালে বার্মা মণিপুররাজ্য দখল করলে মণিপুররাজ চৌরজিৎ, অনুজ মারজিৎ ও গম্ভীর সিংহ সিলেটে আশ্রয় নেন। এ সময় চৌরজিৎ সিলেটের শিবগঞ্জে মণিপুরী রাজবাড়ী স্থাপন করেন। রাজবাড়িটি ১৮৯৭ সালের ভূমিকম্পে বিধস্ত হয়। রাজা মারজিৎ কমলগঞ্জ থানার তিলকপুরে বসতি গড়ে তোলেন। এ সময়ে নেত্রকোণা জেলায়ও মণিপুরী বসতি গড়ে ওঠে।

মণিপুর রাজ্য ১৮২৫ খ্রিষ্টাব্দ পর্যন্ত বার্মার অধীনে ছিল। ১৮২৬ সালে ব্রিটিশবাহিনীর সহায়তায় গম্ভীর সিংহ মণিপুররাজ্য পুররুদ্ধার করেন। ১৮৯১

সালে মণিপুর ব্রিটিশদের কদররাজ্যে পরিণত হয় এবং ১৯৪৭ সালে ভারতের অঙ্গরাজ্যে পরিণত হয়। প্রাচীনকালে ঐ রাজ্যের নাম ছিল কংলৈপাক, কংলৈপুং, কংলৈ, মৈত্রবাস, মেখলী। মণিপুরীরা মণিপুর ও বৃহত্তর সিলেট ছাড়াও আসাম, ত্রিপুরা ও বার্মায় বাস করেন।

নৃতাত্ত্বিক ও ভাষাতাত্ত্বিক বিচারে মণিপুরীদের বিভাজন-

নৃতাত্ত্বিক ও ভাষাতাত্ত্বিক দিক থেকে মণিপুরীরা তিনটি সম্প্রদায়ে বিভক্ত ঃ ১. বিষ্ণুপ্রিয়া ২. মৈতৈ এবং ৩. মৈতৈ পাঙান।

আর্যবংশোদ্ভুত বিষ্ণুপ্রিয়াদের ভাষা 'ভারতীয় আর্য' ভাষাগোষ্ঠীর অন্তর্ভূক্ত। অভিন্ন উৎস হওয়ার কারণে বাংলা, অসমীয়া ও ওড়িয়া ভাষার সাথে বিষ্ণুপ্রিয়া ভাষার সাদৃশ্য রয়েছে। মঙ্গোলীয় বংশোদ্ভুত মৈতৈদের ভাষা তিব্বত ব্রহ্মশাখার কুকি-চীন ভাষাগোষ্ঠীর অন্তর্ভূক্ত। মৈতৈ পাঙান বা মণিপুরী মুসলমানরা মৈতৈভাষাভাষী।

পৌরানিক মতে বিষ্ণুপ্রিয়ারা তৃতীয়-পাণ্ডব অর্জুনের বংশধর। মণিপুররাজ চিত্রবাহনের কন্যা চিত্রাঙ্গদার সাথে অর্জুনের বিবাহ হয়। অর্জুন চিত্রাঙ্গদার পুত্র বভ্রুবাহন পিতৃভূমি হস্তিনাপুর গিয়ে একটি বিষ্ণুমূর্তি নিয়ে আসেন। মণিপুরে নিজ রাজধানীতে মন্দির স্থাপন করে এই বিষ্ণুমূর্তির অধিষ্ঠান করেন। তখন থেকে তাঁর রাজধানীর নতুন নাম হয় বিষ্ণুপুর। বিষ্ণুপুরের অধিবাসীরাই 'বিষ্ণুপুরিয়া' বা 'বিষ্ণুপ্রিয়া' নামে পরিচিত হন। এরা মণিপুরের প্রথম শাসক জাতি।

মৈতৈদের পূর্বপুরুষেরা চীন থেকে মণিপুরে এসে বসতি স্থাপন করেছিলেন বলে ঐতিহাসিকেরা উল্লেখ করেন।

মণিপুরে ইসলামধর্মের প্রবেশ ঘটে সপ্তদশ শতাব্দীর প্রথমার্ধে। মণিপুরের রাজা খাগেম্বার সাথে অনুজ শানুংবার মতবিরোধ সৃষ্টি হলে শানুংবা খাগেম্বাকে ক্ষমতাচ্যুত করার জন্য কাছাড়রাজের অনুগ্রহ প্রার্থনা করেন। কাছাড়রাজের সহায়তায় শানুংবা কাছাড়, প্রতাপগড় ও তরফ অঞ্চল থেকে সৈন্য সংগ্রহ করে মণিপুর আক্রমণ করেন। কিন্তু এই যুদ্ধে তিনি হেরে যান। কাছাড় প্রতাপগড় ও তরফের সৈন্যরা মণিপুরের সৈন্যদের হাতে বন্দি হন। পরবর্তীতে রাজা খাগেম্বা যুদ্ধবন্দি সৈন্যদের ক্ষমা করে দিয়ে মণিপুরে বসবাসের অনুমতি দেন। তখন

প্রতাপগড় ও তরফের মুসলিম সৈন্যরা মণিপুরী মেয়ে বিয়ে করে মণিপুরেই থেকে যান। এদের বংশধরেরাই 'মৈতৈ পাঙান' নামে পরিচিত হন। মৈতৈ পাঙানরা ইসলাম ধর্মের অনুসারী।

বর্তমানে বাংলাদেশে সিলেট বিভাগে মণিপুরীদের বাসস্থান-

সিলেট জেলার সদর থানায় ঃ মাছিমপুর, লামাবাজার, মণিপুরী রাজবাড়ি, লালাদিঘীরপাড়, নরসিংটিলা, সাগরদিঘীরপার, কেওয়াপাড়া, নয়াবস্তি, আম্বরখানা, লোহারপাড়া, ব্রজনাথটিলা, শিবগঞ্জ, দক্ষিণগাছ, নয়াবাজার।

কোম্পানীগঞ্জ থানায় ঃ বরম (মাঝেরগাঁও), বালুচর।

গোয়াইনঘাট থানায় ঃ বিছানাকান্দি (বগাইয়া)।

সুনামগঞ্জ জেলার বিশ্বম্ভরপুর থানায় ঃ গুলগাঁও, গড়েরগাঁও, পুটিপাড়া, গাজীগাঁও, অসুকোনা, দীঘলবাক, পানিয়ান। (বর্তমানে প্রায় গ্রামই বিলুপ্তির পথে)

ছাতক থানায় ঃ ধনীটিলা, রাসনগর (বারগাঁও), রতনপুর।

মৌলভীবাজার জেলার কমলগঞ্জ থানায় ঃ গোলেরহাওর, গঙ্গানগর, মোকাবিল, শ্রীপুর, কাটাবিল, হর্কতিয়ারখোলা, জালালপুর, কান্দিগাঁও, তেতইগাঁও, ছনগাঁও, কোণাগাঁও, মাঝেরগাঁও, ভানুবিল, ঘোড়ামারা, হোমেরজান, নয়াপত্তন, মঙ্গলপুর, চিৎলিয়া, তিলকপুর, ছয়চিরি, ভাণ্ডারীগাঁও, হীরামতি, পারুয়াবিল, গোকুলসিংহের গাঁও, ছড়াপাথারি, বাঘবাড়ি, পশ্চিম বাগবাড়ি, জবলারপার, গোবিন্দবাড়ি, বদলেরগাঁও, মাঝেরগাঁও, বামনগাঁও, শুকরউল্লার গাঁও, ঝাপেরগাঁও, শিমুলতলা।

শ্রীমঙ্গল থানায় ঃ খাসপুর, বালিশিরা, রামনগর।

কুলাউড়া থানায় ঃ নলধরী, ফটিগুলি।

বড়লেখা থানায় ঃ বরইতলী, গোয়ালবাড়ি, পুথাডহর, পাথারিয়া, গৌরনগর, গৌরাঙ্গবিল।

জুড়ি থানায় ঃ বিরনতলা, বটুলি, সাগরনাল, ফুলতলা, ছোটধামাই।

হবিগঞ্জ জেলার চুনারুঘাট থানায় ঃ গোবরখোলা, আবাদগাঁও, শিবনগর, দুধপাতিল, সুন্দরপুর, ঘনশ্যামপুর, ভেন্ডারিয়া, ছয়শ্রী, ইকরতলী।

বর্তমানে ভারতে বিষ্ণুপ্রিয়া মনিপুরীদের অবস্থান

ভারতের মধ্যে মণিপুর রাজ্য ছাড়াও বিষ্ণুপ্রিয়া অধ্যুষিত এলাকা হলো **আসাম রাজ্যর** কাছাড় জেলা, করিমগঞ্জ জেলা, হাইলাকান্দি জেলা ও রাজধানী গৌহাটি শহর।

ত্রিপুরা রাজ্যের মধ্যে বিষ্ণুপ্রিয়া মণিপুরী অধ্যুষিত এলাকা হলো–ধর্মনগর এলাকা, কৈলাশহর এলাকা, কমলপুর এলাকা ও পশ্চিম ত্রিপুরা এলাকা। ভারতের **মেঘালয় রাজ্যের** রাজধানী শিলং শহরে মণিপুরী সম্প্রদায় বিক্ষিপ্ত ভাবে বসবাস করছে।

বর্তমান আমলে সীমিত সংখ্যক মণিপুরী সম্প্রদায়ের পরিবার যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, কানাডা, জার্মানী ও অষ্ট্রেলিয়ায় বসবাস শুরু করেছেন।

বিষ্ণুপ্রিয়া মণিপুরীর শ্রেষ্ঠ বৈষ্ণব চূড়ামণি

ভূবনেশ্বর সাধুঠাকুরর কথা আকচুটি...

১৮৭০ ইংরেজীর ২৬শে অক্টোবর (১২৭৭ বাংলা ১০ শে কার্ত্তিক) বুধবার শুক্লপক্ষ ভ্রাতৃদ্বিতীয় তিথিত বৈষ্ণব শ্রেষ্ঠ বৈষ্ণব চূড়ামণি আমার সমাজর মহাপুরুষ শ্রীশ্রীভূবনেশ্বর সাধুঠাকুর আবির্ভাব অসিল কাছাড় জেলার বিক্রমপুর পরগনার অন্তর্গত বারপোয়া গাঙে। সাধুঠাকুরর পিতৃদেবর নাঙ সনাতন মালক মালতী দেবী। বাল্যকালেত্ব গিরক কৃষ্ণভক্তি পরায়ণ তথা শান্ত স্বভাবর আছিল। সাধুঠাকুরে বৈরাগ্য ধর্ম গ্রহণ করিয়া নবদ্বীপর গানতলাত "শ্রীশ্রীগোবিন্দজীউ" মন্দির হংকরেছে তথা পবিত্র গ্রন্থ "শ্রীশ্রীগোবিন্দর্চ্চন চূড়ামনি" লেংকরিয়া ধর্মপ্রাণ বৈষ্ণব সমাজর সাধন ভজন হরি সংকীর্তনর পথ উজ্জ্বল করে দেছে। সাধুঠাকুরর পথ ইলয়া রাধাকৃষ্ণ ভজলে কৃষ্ণ পেইতাঙায় বুলিয়া নিঙকরৌরী। সাধুঠাকুরর জীবন কাহিনী সমাজর হাবিয়ে হারপাসি। ১৯৩৯ ইংরেজী ১৭ জুলাই সোমবার (১৩৪৬ বাংলা শ্রাবণ মাহার ১লা তারিখ) শুক্লপক্ষ প্রতিপদ তিথির দিনে ইহলীলা সমাপ্ত করিয়া বৈকুণ্ঠ প্রণয়ন করের। অনেকে সাধুঠাকুররে বিশ্বামিত্র মুনি পুন জরম অয়া আমার সমাজরে ঙাল করেছে বুলিয়া মাতেছি।

তথ্য সূত্র ঃ

১। শ্রীহরি সংকীর্তন তত্ত্ব রস মঞ্জরী, শ্রী কামদেব শর্ম্মা, গৌহাটি, ভারত।
২। পৌরি পত্রিকা, নভেম্বর-ডিসেম্বর ২০০৫ সংখ্যা, সম্পাদক শ্রী সুশীল কুমার সিংহ।
৩। মেখলী, ১ম সাময়িকী, মণিপুরী ললিত কলা একাডেমী।
৪। মণিপুরের প্রাচীন ইতিহাস, ১ম খন্ড, শ্রীমহেন্দ্র কুমার সিংহ, পাথারকান্দি, আসাম, ভারত।
৫। 'লেইত্রেঙ', বিষ্ণুপ্রিয়া মণিপুরীর ঐতিহাসিক প্রশ্নর আঙলাক, লেখক রবীন্দ্র সিংহ, মেঘালয়, ভারত।
৬। Cultural Heritage of North East India - Bidhan Sinha. Gawhati, India

সম্পাদকের পরিচিতি

জন্ম পশ্চিম পারুয়া পরগনার (ছাতক উপজেলার) ধনীটিলা গ্রামে ১৯৬২ সনে। পিতা স্বর্গীয় চাউবা সিংহ মাতা স্বর্গীয় থাম্পালেইমা দেবী। ছয় ভাই বোনের মধ্যে কনিষ্ঠ সন্তান। চতুর্থ শ্রেণী পর্যন্ত লেখাপড়া সমাপন করেন রাসনগর মন্ডপ প্রাইমারী স্কুলে। পঞ্চম শ্রেণী অধ্যয়ন করেন নব্য সরকারীকরণকৃত রাসনগর সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ১৯৭২ইং সনে। এরপর আনরেজিষ্টার্ড রাসনগর নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত অধ্যয়ন করেন। তৎপরে সিলেট শহরের রাজা জি.সি. হাই স্কুল হতে ১৯৭৮ সনে এস.এস.সি এবং এম.সি. কলেজ হতে ১৯৮০ সনে এইচ.এস.সি. প্রথম বিভাগে পাশ করেন। ১৯৮৭ সনে সিলেট এম.এ.জি. ওসমানী মেডিক্যাল কলেজ হতে এম.বি.বি.এস ডিগ্রী লাভ করেন। ২০০৬ সনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীন বারডেম, ঢাকা হতে রেডিওলজি ও ইমেজিং বিষয়ে এম.ফিল ডিগ্রী অর্জন করেন। বর্তমানে রেডিওলজি এন্ড ইমেজিং বিশেষজ্ঞ হিসাবে সিলেট সদর হাসপাতালে কর্মরত আছেন। ১৯৮১-২০০১ সাল দীর্ঘ ২০ বৎসর পশ্চিম পারুয়া পরগনার খাস্ জমি বন্দোবস্তের আন্দোলনের শেষের কয়েকটি বছর আন্দোলন কমিটিকে আমলাতান্ত্রিক জটিলতা নিরসনে তিনি কলমিক সহযোগিতা প্রদান করেন। সম্মলিত প্রচেষ্টার ফলশ্রুতিতে ২৭-০৬-২০০১ তারিখে পশ্চিম পারুয়া পরগনার বিত্তহীন ৫৯ (উনষাট) টি মণিপুরী পরিবার কবুলিয়তের মাধ্যমে উক্ত ভূমি স্থায়ী বন্দোবস্ত পান।

বিষ্ণুপ্রিয়া মণিপুরী অধ্যুষিত এলাকাসমূহ।